দৈনিক
ইনকিলাব

তারিখ ... 18 APR 2008
পৃঃ 12 কঃ 8

পাবলিক বিশ্ববিদ্যালয়

# ভিসির শূন্যপদ শিগগিরই পূরণ করা হবে

স্টাফ রিপোর্টার

যেসব পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভিসি'র পদ শূন্য কিংবা ভারপ্রাপ্ত ভিসিদের মাধ্যমে পরিচালিত হচ্ছে সেসব বিশ্ববিদ্যালয়ে ভিসির পদ শিগগিরই পূরণ করা হবে। আর ভিসি পদের জন্য প্রার্থী ঠিক করা হবে পত্রিকায় বিজ্ঞপ্তি দিয়ে। গতকাল (বৃহস্পতিবার) শিক্ষা মন্ত্রণালয়ে পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভিসি, প্রো-ভিসি ও ট্রেজারার নিয়োগে গঠিত 'সার্চ কমিটির' সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়েছে। সার্চ কমিটির একজন সদস্য নাম প্রকাশ না করার শর্তে বলেন, যেসব বিশ্ববিদ্যালয়ে ভিসি নেই কিংবা চার্জে রয়েছেন সেসব বিশ্ববিদ্যালয়ের ভিসি'র পদ পূরণের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি দিয়ে আগ্রহী প্রার্থীদের নাম সংগ্রহ করার বিষয়ে সিদ্ধান্ত হয়েছে। অন্যান্য প্রক্রিয়া শেষে সেখান থেকে যোগ্য প্রার্থীকে ভিসি হিসেবে নিয়োগের জন্য চ্যান্সেলরের কাছে সুপারিশ করা হবে। তিনি জানান, প্রার্থী

পৃ ৪২ ক ৪৫

## পাবলিক বিশ্ববিদ্যালয়

১২-এর পৃষ্ঠার পর

নিজে ছাড়াও যে কেউ প্রার্থীর নাম দিতে পারবেন।

বর্তমানে ৬-৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভিসি পদ পূরণের প্রয়োজনীয়তা রয়েছে।

১৯৭৩ সালের অধ্যাদেশ দ্বারা পরিচালিত ঢাকা, রাজশাহী, জাহাঙ্গীরনগর ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বাদে অন্য পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভিসি, প্রো-ভিসি ও ট্রেজারার নিয়োগের জন্য গত বছরের ২৯ জুলাই শিক্ষা মন্ত্রণালয় সাত সদস্যের 'সার্চ কমিটি' করা হয়।

সার্চ কমিটিতে শিক্ষা সচিব চেয়ারম্যান এবং কো-চেয়ারম্যান হিসেবে আছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. ওয়াহিদ উদ্দিন মাহমুদ। শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (বিশ্ববিদ্যালয়) এই কমিটির সদস্য সচিব।

এই কমিটি পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভিসি, প্রো-ভিসি ও ট্রেজারারের শূন্যপদে নিয়োগের জন্য উন্মুক্ত পদ্ধতিতে দরখাস্ত আহ্বানের পর সেখান থেকে যোগ্য লোককে এসব পদে নিয়োগের জন্য চ্যান্সেলরের কাছে প্রয়োজনীয় সুপারিশ করবে। সেখান থেকে চ্যান্সেলর উল্লেখিত পদে নিয়োগ দেবেন।

কমিটির সদস্যরা হলেন- ইস্ট-ওয়েস্ট ইউনির্ভাসিটির প্রতিষ্ঠাতা ভিসি ড. মোহাম্মদ ফরাস উদ্দিন, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য ড. এহসানুল হক, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ভিসি ড. নূরউদ্দীন আহমদ, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. হাফিজ জি এ সিদ্দিকী ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি অধ্যাপক কাজী সালেহ আহমেদ ও বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের পশুপালন অনুষদের সাবেক ডিন অধ্যাপক এস এম বুলবুল।